দৈনিক আমাদের সময়

তারিখ: 09 OCT 2017
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৩ ...

ঢাবি অধিভুক্ত কলেজ

# সকালে বিক্ষোভ বিকালেই পরীক্ষার তারিখ ঘোষণা

বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●
চতুর্থ বর্ষের ফল প্রকাশসহ পাঁচ দফা দাবিতে রাজধানীর নীলক্ষেতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীরা। গতকাল সকাল থেকে এই অবরোধের কারণে আজিমপুর, নিউমার্কেট, সায়েন্সল্যাব সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঘটনাস্থলে গিয়ে ফল প্রকাশের আশ্বাস দিলে শিক্ষার্থীরা অবরোধ তুলে নেয়। এরপর বিকালেই তৃতীয় বর্ষের পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়।

ভুক্তভোগীরা জানান, ২০১১-১২ সেশনের শিক্ষার্থীদের চতুর্থ বর্ষের এবং এরপর পৃষ্ঠা ৭, কলাম ৪

## সকালে বিক্ষোভ, বিকালেই

(শেষ পৃষ্ঠার পর) ২০১৪-১৫ সেশনের দ্বিতীয় বর্ষের ফল দীর্ঘদিন ধরে আটকে আছে। চলতি বছরের ৩ জানুয়ারিতে শুরু হয়ে ১১ ফেব্রুয়ারি চতুর্থ বর্ষের পরীক্ষা শেষ হয়। আর দ্বিতীয় বর্ষের পরীক্ষা শুরু হয় ৬ ফেব্রুয়ারি, চলে ১৪ মার্চ পর্যন্ত। এরপর সাত মাস পেরিয়ে গেলেও ফল প্রকাশ হয়নি। এর আগে গত বৃহস্পতিবার শিক্ষার্থীরা পাঁচ দফা দাবিতে শহীদ মিনারে বিক্ষোভ কর্মসূচির ঘোষণা দিয়েছিলেন। ফল প্রকাশ ছাড়া অন্য দাবির মধ্যে রয়েছে– এক হাজার ২০০ শিক্ষার্থীর বিরুদ্ধে করা মামলা প্রত্যাহার, একাডেমিক ক্যালেন্ডার প্রকাশ, তৃতীয় বর্ষের রুটিন দেওয়া ও ঢাবি অধিভুক্ত কলেজের জন্য স্বতন্ত্র ওয়েবসাইট চালু।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী গতকাল সকাল থেকে নীলক্ষেত মোড়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভে নামে ছাত্রছাত্রীরা। তারা জানান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোর চতুর্থ বর্ষের ফল গত মে মাসেই প্রকাশিত হয়েছে। কিন্তু এখনো তাদের ফল প্রকাশ না হওয়ায় স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তিও হতে পারছেন না তারা। অথচ সেশনজট কমাতেই ঢাকার সরকারি সাতটি কলেজকে ঢাবির অধিভুক্ত করা হয়। কিন্তু হয়েছে তার উল্টো। পরীক্ষা ও ফল প্রকাশ নিয়ে তৈরি হয় নানা জটিলতা।

পরীক্ষার রুটিন না দেওয়ায় গত জুলাইয়ে শিক্ষার্থীরা প্রথম দফায় আন্দোলনে নামে। ২০ জুলাই শাহবাগের বিক্ষোভে পুলিশ বাধা দেয়। এ সময় তাদের ছোড়া টিয়ার শেলের আঘাতে চোখ হারান তিতুমীর কলেজের অনার্স তৃতীয় বর্ষের ছাত্র সিদ্দিকুর রহমান। গতকাল বিক্ষোভের খবর পেয়েই বেলা সোয়া ১২টার দিকে অবস্থানস্থলে যান ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। শিক্ষার্থীদের তিনি বলেন– আমরা অনেক দুঃখিত যে, তোমাদের ভরদুপুরে রাস্তায় আন্দোলনে নামতে হয়েছে। এর দায় আমাদের, এর দায় বিশ্ববিদ্যালয়ের। আমি শিক্ষার্থীদের আশ্বাস দিচ্ছি, নভেম্বরের মধ্যে ফল প্রকাশ করা হবে।

উপাচার্য বলেন– ঢাবির ছাত্রছাত্রী ৩০ হাজার, কিন্তু আমাদের অধীন সাত কলেজের শিক্ষার্থী তিন লাখ। মহৎ উদ্দেশ্য নিয়ে আমাদের ওপর দায়িত্ব দেওয়া হয়েছিল। কিন্তু লোকবল ও সার্বিক ব্যবস্থাপনার অভাবে সে মহৎ উদ্দেশ্য বাস্তবায়ন সম্ভব হয়নি। তোমাদের পরীক্ষার ফল প্রকাশের জন্য যা যা করণীয় তা গ্রহণ করেছি। আমরা একটু সময় চেয়েছি। এরপর বিকালেই তৃতীয় বর্ষের পরীক্ষার তারিখ ঘোষণা করে এক বিজ্ঞপ্তি পাঠায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর। যেখানে বলা হয়– ২০১৬ সালের অনার্স তৃতীয় বর্ষ (নিয়মিত, অনিয়মিত, গ্রেড উন্নয়ন) পরীক্ষা আগামী ২৩ অক্টোবর থেকে শুরু হবে। যথাসময়েই জানিয়ে দেওয়া হবে বিস্তারিত সময়সূচি।

গত ১৬ ফেব্রুয়ারি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা রাজধানীর সাতটি কলেজকে ঢাবির অধিভুক্ত করা হয়। কলেজগুলো হচ্ছে– ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ।